Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৫৩৮

তারিখঃ ১৫ পৌষ ১৪৩২
৩০ ডিসেম্বর ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৯.০০.০০০০.০০০.০৪৪.২২.০০২১.২৫-১০৮, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৫ খ্রি.

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ সংশোধনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সভাপতিত্বে গত ০৪/১২/২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

বায়রা'র পক্ষে,

সংযুক্তি: ৪(চার) পৃষ্ঠা বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ নাজমুল হুসেইন খাঁন, সিনিয়র সহকারী সচিব, পলিসি ও আইন প্রণয়ন শাখা)।
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ), BISTI, গাজীপুর।
৫। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা

সম্মানিত প্রশাসক	সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/...................	
রিসেপশনিষ্ট	
ডকেট/ডায়েরী নং	৪০৪৩
তারিখ ও সময়	29/12/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
পলিসি ও আইন প্রণয়ন শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.২২.০০২১.২৫-১০৮ তারিখ: ১১/১২/২০২৫ খ্রি.

বিষয় : বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ সংশোধনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. আসিফ নজরুল-এঁর সভাপতিত্বে একটি সভা গত ০৪/১২/২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১/১২/২০২৫

মোঃ নাজমুল হুসেইন খাঁন
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৪১
polnlawsection@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
২। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
৫। জনাব মোঃ নজরুল ইসলাম,সচিব, বায়রা।
৬। অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও প্রশাসক, বায়রা।
৭। উপসচিব, আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অধিশাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮। পলিসি এ্যাডভাইজার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯। কান্ট্রিডিরেক্টর, আইএলও বাংলাদেশ, ২য় ফ্লোর, ব্লক-এফ, প্লট-১৭ বি&সি, শেরে-বাংলানগর, অ্যাডমিনিস্ট্রেটিভ জোন, ঢাকা-১২০৭।
১০। চীফ অব মিশন, আইওএম বাংলাদেশ, হাউজ-০১, রোড-৮৬ এবং ৮৮, গুলশান-২, ঢাকা-১২১২।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
আইন প্রণয়ন শাখা
www.probashi.gov.bd

নং: ৪৯.০০.০০০০.০০০.০৪৪.২২.০০২১.২৫-৯০৭ তারিখ: ৯১ ডিসেম্বর ২০২৫ খ্রি.

বিষয়: বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. আসিফ নজরুল উপদেষ্টা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ	:	০৪ ডিসেম্বর ২০২৫ খ্রি.
সভার সময়	:	বিকাল ০৩.০০ টা
সভার স্থান	:	এ মন্ত্রণালয়ের সভাকক্ষ
অংশগ্রহণকারী	:	**সভায় উপস্থিত সদস্য বৃন্দ-পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে উপস্থিত মাননীয় সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণকে জানানো হয় যে, গত ১৪ জুলাই, ২০২৫ তারিখ বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ এর প্রজ্ঞাপন জারি করা হয়। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কর্তৃক পত্র মারফত জানানো হয় যে, ১৪ জুলাই ২০২৫ তারিখ জারিকৃত বিধিমালার কিছু অংশ সংশোধনের একান্ত প্রয়োজনীয়তা রয়েছে। সিনিয়র সহকারী সচিব, আন্তর্জাতিক সংস্থা শাখাকে বিএমইটির প্রস্তাবনাসমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

২.০ সিনিয়র সহকারী সচিব, আন্তর্জাতিক সংস্থা শাখা বিএমইটির প্রস্তাবনাসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়, অনুবিভাগ প্রধানগণ, দপ্তর/সংস্থার প্রধানগণ, বায়রার সচিব, বায়রার প্রশাসক ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভাপতি সকলকে বিএমইটি কর্তৃক প্রেরিত প্রস্তাবনাসমূহের উপর মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। বিএমইটির মহাপরিচালক জনাব সালেহ আহমদ মোজাফফর জানান যে, বিভিন্ন দেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিসমূহকে দেশে/গন্তব্য দেশে তালিকাভুক্তির প্রয়োজন হয়। সকল এজেন্সি উক্ত দেশের তালিকার অন্তর্ভুক্ত না থাকলেও ডিমান্ড লেটার/ভিসা সংগ্রহের ক্ষেত্রে সরাসরি সম্পৃক্ত থাকেন। তবে পারফরম্যান্স মূল্যায়নের সময় শুধুমাত্র ছাড়পত্র গ্রহণকারী এবং তালিকাভুক্ত এজেন্সির পারফরম্যান্সই মূল্যায়িত হয়। সহযোগী রিক্রুটিং এজেন্সিসমূহ মূল্যায়নে উক্ত পারফরম্যান্স প্রদর্শিত হওয়ার বিধিগত সুযোগ রাখা হয়নি। রিক্রুটিং এজেন্সিসমূহের নবায়ন কার্যক্রম, অভিযোগ তদন্ত ও সালিশ এবং এ জাতীয় অন্যান্য কার্যক্রমসমূহ বিশ্লেষণ করে দেখা যায় বিভিন্ন দেশে কর্মী প্রেরণের সময় ছাড়পত্র গ্রহণকারী রিক্রুটিং এজেন্সি ছাড়াও এক বা একাধিক সহযোগী রিক্রুটিং এজেন্সিও ভিসা সংগ্রহ

বা অর্থ লেনদেন প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত থাকেন। ১৪ জুলাই, ২০২৫ তারিখ জারিকৃত বিধিমালায় বিধি ১৪ এর উপবিধি-৪-এ "কোনো রিক্রুটিং এজেন্ট অপর কোনো রিক্রুটিং এজেন্ট-কে সাব-এজেন্ট বা প্রতিনিধি হিসাবে নিয়োগ করিতে পারিবেন না" সংযুক্ত করা হয়েছে। এতে করে অভিবাসন প্রক্রিয়ায় উপরোল্লিখিত সহযোগী এজেন্সিসমূহের অংশগ্রহণ এবং তার দায়-দায়িত্ব নির্ধারণ ব্যাহত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। ফলে বিধিমালার বিধি ১৪ এর উপবিধি-৪ সংশোধনপূর্বক "কোনো রিক্রুটিং এজেন্ট অপর কোনো রিক্রুটিং এজেন্ট-কে এসোসিয়েট রিক্রুটার হিসাবে নিয়োগ করিতে পারিবেন" দ্বারা প্রতিস্থাপন করা যেতে পারে। এছাড়া তিনি আরও জানান, ১৪ জুলাই, ২০২৫ তারিখ জারিকৃত বিধিমালার তফসিল-১ এর ক্রমিক-৩ এ রিক্রুটিং লাইসেন্স এর জামানতের অর্থ ২০ লক্ষ টাকার পরিবর্তে ৫০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। জামানতের অর্থ ২০ লক্ষ টাকা থেকে ৩৫ লক্ষ টাকা ধার্য করা হলে তা অধিক সামঞ্জস্যপূর্ণ হবে মর্মে প্রতীয়মান হয়।

৩.০ এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। সভাপতি জানান যে, কর্মী প্রেরণের ক্ষেত্রে যেসকল সহযোগী রিক্রুটিং এজেন্ট রয়েছে তাদের এসোসিয়েট রিক্রুটার নামকরণ করা যেতে পারে। সে অনুযায়ী বিধিমালাটির শিরোনাম পরিবর্তন করা যেতে পারে এবং এসোসিয়েট রিক্রুটারের সংজ্ঞা বিধিমালায় সংযোজন করা যেতে পারে। একই সাথে জনশক্তি রপ্তানি ও প্রক্রিয়া সম্পাদনের স্ব স্ব অংশের ক্রেডিট ও দায় দায়িত্ব মূল এজেন্টের অনুরূপ এসোসিয়েট রিক্রুটারের উপরেও বর্তাবে এবং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বিষয়টি গণ্য করা হবে, যা বিধিমালায় সংযোজন করা যেতে পারে।

৪.০ এছাড়া সভাপতি জামানতের পরিমাণ ৩৫ লক্ষ টাকা করার প্রস্তাবকে সমর্থন করেন এবং নতুন লাইসেন্স গ্রহণকারীদের ক্ষেত্রে দেশভিত্তিক অতিরিক্ত জামানত মওকুফ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। সভায় উপস্থিত সকলে সভাপতির বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

৫.০ বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

৫.১ বিধিমালায় নিম্নরূপ সংশোধন/সংযোজন করতে হবে-

বিধির ক্রমিক	বিদ্যমান	সংশোধনী/সংযোজন
১। শিরোনাম	এই বিধিমালা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।	এই বিধিমালা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং **এসোসিয়েট রিক্রুটার**/সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা	-	(ঝ) **"এসোসিয়েট রিক্রুটার" অর্থ** সেই নিবন্ধিত রিক্রুটিং এজেন্ট, যিনি অন্য একটি নিবন্ধিত রিক্রুটিং এজেন্টের সাথে লিখিত চুক্তির মাধ্যমে যুক্ত হয়ে, উক্ত এজেন্টের মাধ্যমে বিদেশগামী কর্মীদের নিয়োগ ও সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট প্রক্রিয়া সম্পাদন করেন।
বিধি ১৪ এর উপবিধি-৪	৪। কোনো রিক্রুটিং এজেন্ট অপর কোনো রিক্রুটিং এজেন্ট-কে সাব-এজেন্ট বা প্রতিনিধি হিসাবে নিয়োগ করিতে পারিবেন না।	৪(ক)। কোনো রিক্রুটিং এজেন্ট অপর কোনো রিক্রুটিং এজেন্ট-কে কর্মী প্রেরণের কাজ প্রক্রিয়াকরণের জন্য এসোসিয়েট রিক্রুটার হিসেবে নিয়োগ করিতে পারিবেন।
		৪(খ)। এসোসিয়েট রিক্রুটারের সাথে বিদেশগামী কর্মীদের চুক্তি থাকতে হবে। যদি কেউ এসোসিয়েট রিক্রুটার হিসেবে নিয়োগপ্রাপ্ত হন, তাহলে জনশক্তি রপ্তানি ও প্রক্রিয়া সম্পাদনের স্ব স্ব অংশের ক্রেডিট ও দায় দায়িত্ব মূল এজেন্টের অনুরূপ এসোসিয়েট রিক্রুটারের উপরেও বর্তাবে।
		৪(গ)। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে এসোসিয়েট রিক্রুটার যত সংখ্যক কর্মী প্রক্রিয়াকরণ করিবেন, সেটি তার ক্রেডিট হিসেবে গণ্য হবে। অপরপক্ষে মূল এজেন্ট স্ব-উদ্যোগে যত সংখ্যক কর্মী প্রেরণ করিবেন সেটি তার ক্রেডিট হিসেবে গণ্য হবে।
তফসিল-১ এর ক্রমিক-৩	জামানত ৫০ লক্ষ টাকা	জামানত ৩৫ লক্ষ টাকা

৫.২ নতুনভাবে দেশভিত্তিক তালিকাভুক্তির ক্ষেত্রে অতিরিক্ত জামানত মওকুফ করা হবে। তবে নারী কর্মী প্রেরণের ক্ষেত্রে অতিরিক্ত জামানত মওকুফের বিষয়টি প্রযোজ্য হবে না।

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Asif Nazrul
11-12-25

(ড. আসিফ নজরুল)
উপদেষ্টা